# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন**


**ডিওএস সার্কুলার লেটার নং-০১**

**২০ পৌষ ১৪৩০**
**তারিখ: ------------------**
**০৪ জানুয়ারি ২০২৪**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তাদের নির্বাচনি ব্যয় পরিশোধের সুবিধার্থে সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় এর ০৩ জানুয়ারি ২০২৪ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩(অংশ-৭)-০৯ এর প্রেক্ষিতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়, রিটার্নিং অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তা/কর্তৃপক্ষ কর্তৃক ভোটকেন্দ্র ও ভোট গ্রহণকারী কর্মকর্তা তথা নির্বাচন সংক্রান্ত ব্যয় নির্বাহের লক্ষ্যে ব্যাংক হতে নগদ অর্থ উত্তোলন এর সুবিধার্থে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক সীমিত সংখ্যক জনবল দিয়ে ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য মহানগরীসহ জেলা ও উপজেলা পর্যায়ে তফসিলি ব্যাংক এর সংশ্লিষ্ট শাখা আগামী ০৫ ও ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ শুক্রবার ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন খোলা থাকবে। তবে যে সকল কর্মকর্তা/কর্মচারীকে ভোট গ্রহণকারী কর্মকর্তা বা নির্বাচনি দায়িত্ব প্রদান করা হয়েছে তাদেরকে উল্লিখিত ব্যাংকিং কাজে নিয়োজিত না করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ হোসেন খান)
পরিচালক (ডিওএস)
ফোন ঃ ৯৫৩০০৯৩